# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576


স্মারক নং- ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.১৯-৪০০

তারিখ: ২৬ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ / ১১ অক্টোবর, ২০২০ খ্রিস্টাব্দ

**বিষয়: 'বঙ্গবন্ধু ও মানবাধিকার' শীর্ষক রচনা প্রতিযোগিতা আয়োজনে সহযোগিতা প্রদানের জন্য শিক্ষা প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান সংক্রান্ত।**

সূত্র: ১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০৭.২০.৭৮৩; তারিখ: ০৬ অক্টোবর ২০২০
২) জাতীয় মানবাধিকার কমিশনের স্মারক- ৫৫.১২.০০০০.১০৭.২৩.০৩৭.২০-২৬৭৬; তারিখ: ৩০/০৯/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, জাতীয় মানবাধিকার কমিশন **"মুজিববর্ষের অঙ্গীকার: সুরক্ষিত হবে মানবাধিকার"** এই প্রতিপাদ্য নিয়ে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বর্ষ উদযাপন করছে। এ লক্ষ্যে **'বঙ্গবন্ধু ও মানবাধিকার'** শিরোনামে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের (মাধ্যমিক স্কুল, কলেজ ও মাদ্রাসা) নবম ও দশম এবং একাদশ ও দ্বাদশ শ্রেণি ও সমমানের ছাত্র-ছাত্রীদের অনলাইন/সরাসরি অংশগ্রহণের মাধ্যমে আগামী **১৫ অক্টোবর ২০২০ তারিখ** রচনা প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে।

এমতাবস্থায়, রচনা প্রতিযোগিতা সফল আয়োজনে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল স্তরের মাদ্রাসার অধ্যক্ষ/সুপার ও পরিচালনা কমিটিকে সার্বিক সহযোগিতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৩ (তিন) পাতা

১১.১০.২০২০

**(মোঃ সিদ্দিকুর রহমান)**
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-৯৬১২৮৫৮

প্রাপক: অধ্যক্ষ/সুপার ও পরিচালনা কমিটি,
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল স্তরের মাদ্রাসা।

স্মারক নং- ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.১৯-৪০০(৮)

তারিখ: ২৬ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ / ১১ অক্টোবর, ২০২০ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. জেলা প্রশাসক (সকল);
২. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৩. জেলা শিক্ষা অফিসার, (সকল), (সার্বিক সহযোগিতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
৫. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ ও বহুল প্রচারের অনুরোধ সহ);
৬. সদস্যবৃন্দ-গভার্নিং বডি/ম্যানেজিং কমিটি/ এডহক কমিটি, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল মাদ্রাসা;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার/ পরীক্ষা নিয়ন্ত্রক/ পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

১১/১০/২০২০

**(মো: ওমর ফারুক)**
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

E:\Admin\Jafar\Madrasah Letter 20-783 বঙ্গবন্ধু ও মানবাধিকার Docx

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০৭.২০-৭৮৩

তারিখ: ২১ আশ্বিন ১৪২৭
০৬ অক্টোবর ২০২০

বিষয়: **'বঙ্গবন্ধু ও মানবাধিকার' শীর্ষক রচনা প্রতিযোগিতা আয়োজনে সহযোগিতা প্রদানের জন্য শিক্ষা প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান সংক্রান্ত।**

সূত্র: জাতীয় মানবাধিকার কমিশনের স্মারক নং-৫৫.১২.০০০০.১০৭.২৩.০৩৭.২০-২৬৭৬; তারিখ: ৩০/০৯/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, **"মুজিববর্ষের অঙ্গীকার: সুরক্ষিত হবে মানবাধিকার"** এই প্রতিপাদ্য নিয়ে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বর্ষ উদযাপন করছে। এ লক্ষ্যে **'বঙ্গবন্ধু ও মানবাধিকার'** শিরোনামে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের (মাধ্যমিক স্কুল, কলেজ ও মাদ্রাসা) নবম ও দশম এবং একাদশ ও দ্বাদশ শ্রেণি ও সমমানের ছাত্র-ছাত্রীদের অনলাইন/সরাসরি অংশগ্রহণের মাধ্যমে আগামী ***১৫ অক্টোবর ২০২০ তারিখ*** রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত রচনা প্রতিযোগিতা সফল আয়োজনে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও সমমান পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ ও জলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণকে সার্বিক সহযোগিতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: জাতীয় মানবাধিকার কমিশনের পত্র ০১ (এক) পাতা।

৬-১০-২০২০
মীর জাহিদ হাসান
যুগ্মসচিব
ফোন: ০২-৪১০৫০১৩০
ইমেইল: jstmed7@gmail.com

বিতরণ:
১) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর
২) মহাপরিচালক (অতিরিক্ত সচিব) , মাদরাসা শিক্ষা অধিদপ্তর
৩) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৪) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
৫) পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া
৬) অধ্যক্ষ, বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ

ইনস্টিটিউট

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০৭.২০-৭৮৩/১(২)

তারিখ: ২১ আশ্বিন ১৪২৭
০৬ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত সচিব, প্রশাসন অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

৬-১০-২০২০
মীর জাহিদ হাসান
যুগ্মসচিব

একই তারিখের একই স্মারকের স্থলাভিষিক্ত

"মুজিববর্ষের অঙ্গীকার
সুরক্ষিত হবে মানবাধিকার"

# জাতীয় মানবাধিকার কমিশন

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
পিএবিএক্স নম্বর: ৫৫০১৩৭২৬-২৮; হেল্প লাইন নম্বর: ১৬১০৮
ওয়েবসাইট- www.nhrc.org.bd, ই-মেইল: info@nhrc.org.bd

মুজিব বর্ষ

স্মারক নং: ৫৫.১২.০০০০.১০৭.২৩.০৩৭.২০-২৬৭৬ তারিখ: ৩০/০৯/২০২০

বিষয়: **'বঙ্গবন্ধু ও মানবাধিকার' শীর্ষক রচনা প্রতিযোগিতা আয়োজনে সহযোগিতা প্রদানের জন্য শিক্ষা প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান সংক্রান্ত।**

সূত্র: ০৪.০০.০০০০.৫১২.২৩.০০৯২০.৪৫৭, তারিখ ২৪ সেপ্টেম্বর ২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জাতীয় মানবাধিকার কমিশন **"মুজিববর্ষের অঙ্গীকার : সুরক্ষিত হবে মানবাধিকার"** এই প্রতিপাদ্য নিয়ে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বর্ষ উদযাপন করছে।

০২। মানবাধিকার সর্বজনীন। বঙ্গবন্ধু আজীবন মানবাধিকারের জন্য নিবেদিত ছিলেন। তৃনমূল হতে কেন্দ্র পর্যন্ত দেশব্যাপী মানবাধিকার বিষয়ে সচেতনতা বৃদ্ধি এবং মানুষের অধিকার আদায়ে বঙ্গবন্ধুর অবদানকে নতুন প্রজন্মের কাছে পৌঁছে দেয়া অত্যন্ত জরুরি। এলক্ষ্যে **'বঙ্গবন্ধু ও মানবাধিকার'** শিরোনামে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের (মাধ্যমিক স্কুল, কলেজ ও মাদ্রাসা) নবম ও দশম এবং একাদশ ও দ্বাদশ শ্রেণি ও সমমানের ছাত্র-ছাত্রীদের অনলাইন/সরাসরি অংশগ্রহণের মাধ্যমে আগামী ১৫ অক্টোবর ২০২০ তারিখ রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত রচনা প্রতিযোগিতার সফল আয়োজনে মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও সমমান পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ ও জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণের সার্বিক সহযোগিতা একান্ত প্রয়োজন।

০৩। বর্ণিত প্রেক্ষাপটে, তাঁর বিভাগ থেকে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ ও জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণকে উক্ত রচনা প্রতিযোগিতার সফল আয়োজনে সার্বিক সহযোগিতা প্রদানের নিমিত্ত একটি নির্দেশনা প্রেরণের সদয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হল।

উল্লেখ্য যে, সূত্রোক্ত স্মারকে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে মাঠ প্রশাসনকে এতদসংক্রান্ত একটি নির্দেশনা দেয়া হয়েছে।

অতিরিক্ত সচিব (প্রশাঃ ও উন্নঃ) এর দপ্তর
ডকেট নং: ৫৪৯ তারিখঃ ৬/১০/২০
যুগ্ম-সচিব (প্রশাসন)
যুগ্ম-সচিব (উন্নয়ন)
উপ-প্রধান
সংশ্লিষ্ট কর্মকর্তা
অন্যান্য
অতিরিক্ত সচিব (অ: ও আ:)

৩০/৯/২০২০
(আল-মাহমুদ ফায়জুল কবীর)
সচিব (ভারপ্রাপ্ত)
ফোন: ৫৫০১৩৭১৮ (দপ্তর)

সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

<u>অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।</u>

১। ড. কামাল আব্দুল নাসের চৌধুরী, প্রধান সমন্বয়ক, মুজিববর্ষ উদযাপন বাস্তবায়ন জাতীয় কমিটি।
২। মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩। চেয়ারম্যানের একান্ত সচিব, জাতীয় মানবাধিকার কমিশন (মাননীয় চেয়ারম্যানের সদয় অবগতির জন্য)।
৪। সচিবের একান্ত সচিব, সমন্বয় ও সংস্কার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সার্বক্ষণিক সদস্যের ব্যক্তিগত সহকারী, জাতীয় মানবাধিকার কমিশন (মাননীয় সার্বক্ষণিক সদস্যের সদয় অবগতির জন্য)।